

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬১৩

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - জান্নাত ও জান্নাতবাসীদের বিবরণ

الفصل الاول (باب صفةالجنة وأهلها)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَوْضِعُ سَوْطٍ فِي الْجَنَّةِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (2796 ، 6568) و مسلم (لم اجده) ـ (مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৬১৩-[২] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: জান্নাতে একটি চাবুক রাখা পরিমাণ স্থান গোটা দুনিয়া ও তার মধ্যে যা কিছু আছে, তা থেকে উত্তম। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহঃ বুখারী ৩২৫০, তিরমিয়ী ৩০১৩, ইবনু মাজাহ ৪৩৩০, সিলসিলাতুস সহীহাহ ১৯৭৮, সহীহুল জামি ৬৬৩৫, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩৭৬৮, মুসনাদে 'আবদ ইবনু হুমায়দ ৯৩০, মুসনাদে আহমাদ ১৫৬০২, আবূ ইয়ালা ৭৫১৪, সহীহ ইবনু হিব্বান ৭৪১৭, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৫৬২১, আল মুসতাদরাক লিল হাকিম ৩১৭০, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ১৮৯৬১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রাসূলুল্লাহ (সা.) বলেছেন, জান্নাতের চাবুক সমপরিমাণ ক্ষুদ্রতম জায়গা সারা দুনিয়ার অপেক্ষায় অনেক উত্তম। কেননা দুনিয়ার সুখ-শান্তি আরাম-আয়েশ অস্থায়ী, পক্ষান্তরে জান্নাতের সুখ-শান্তি আরাম আয়েশ চিরস্থায়ী বিধায় এই মর্যাদার কথা উল্লেখ করা হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন